



বাংলা একাডেমি
৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা ১০০০

পত্র সংখ্যা: ক্রনিস-১২৪৭/২০২১/৩৭/৫/বাএ

তারিখ: ২৮.০৫.১৪২৮
১২.০৯.২০২১


ডেলিভারি সার্ভিস ও পেমেন্ট গেটওয়ে সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান থেকে সেবা/দর প্রস্তাব আহ্বান

বাংলা একাডেমির বই অনলাইনে ই-কমার্সের মাধ্যমে বিক্রির ক্ষেত্রে ডেলিভারি সার্ভিস ও পেমেন্ট গেটওয়ে সহায়তা প্রদানের জন্য প্রতিষ্ঠিত ও অভিজ্ঞ প্রতিষ্ঠানসমূহ থেকে সেবা/দর প্রস্তাব আহ্বান করা হচ্ছে। দেশের সর্বত্র এবং বিদেশে বই/পত্রিকা পৌঁছে দিতে সক্ষম ও পেমেন্ট গেটওয়ের কাজে অভিজ্ঞ প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা যাচাইপূর্বক চূড়ান্ত নির্বাচন করা হবে।

ডেলিভারি সার্ভিস ও পেমেন্ট গেটওয়ের জন্য আলাদা প্রস্তাব জমা দিতে হবে। সেবা প্রস্তাব/দরপত্র জমাদানকারীকে ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট সার্টিফিকেট, অভিজ্ঞতার সনদ-সহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। উল্লেখ্য, বাংলা একাডেমির ক্রয়, নির্মাণ ও সংরক্ষণ (ক্রনিস) শাখা হতে নির্দিষ্ট ফরম সংগ্রহপূর্বক পূরণ করে প্রস্তাবের সঙ্গে সংযুক্ত করতে হবে।

সেবা/দর প্রস্তাব জমা দেওয়ার সর্বশেষ তারিখ ও সময় : ২৭ সেপ্টেম্বর ২০২১, দুপুর ১টা (অফিস চলাকালীন)।

প্রস্তাব জমা দেওয়ার স্থান : সচিবের দপ্তর (চতুর্থ তলা), ড. মুহম্মদ শহীদুল্লাহ ভবন
বাংলা একাডেমি, ঢাকা


সচিব

বাংলা একাডেমি, ঢাকা
ফোন : ০২-৫৮৬১১২১৬